

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
উপজেলা প্রকৌশলীর কার্যালয়  
নড়াইল সদর, নড়াইল।  
[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম-শহরের উন্নতি”

স্মারকনং- ৪৬.০২.৬৫৭৬.০০০.৯৯.০৪৫.১৯.৭৮

তারিখঃ ২৮ .০২.২০২৪


নিলামবিজ্ঞপ্তিনং- ০১/২০২৩-২৪

এতদ্বারা সকল শ্রেণীর ঠিকাদার/ব্যবসায়ী/ব্যক্তিবর্গের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও মূল ফটক নিলামে বিক্রয় এর জন্য নিয়োক্ত ভাবে উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল এর অফিস কক্ষে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত নিলাম ডাকে অংশ গ্রহনে ইচ্ছুক ঠিকাদার/ব্যবসায়ী/ব্যক্তিবর্গ নির্দিষ্ট তারিখ ও সময়ে নিম্নে উল্লেখিত টাকার ব্যাংক ড্রাফট (তফসিলি ব্যাংকের) জমা পূর্বক নিলাম ডাকে অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিকনং	নিলামের নাম	বায়নার টাকার পরিমাণ	নিলাম ডাকের তারিখ	নিলাম ডাকের সময়
০১	উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও মূল ফটক	২০,০০০.০০	০৬-০৩-২০২৪ রোজ বুধবার	১১.০০ ঘটিকা

শর্তাবলীঃ

- ১। নিলাম ডাককারী সরেজমিনে সীমানা প্রাচীর ও মূল ফটক পরিদর্শন পূর্বক উল্লেখিত বায়নার টাকা উপজেলা প্রকৌশলী”, নড়াইল সদর, নড়াইল বরাবরে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট / পে-অর্ডার নিলাম ডাকের পূর্বে জমা করে নিলাম ডাকে অংশ গ্রহন করতে হবে এবং নির্বাচিত ডাককারীর ব্যাংক ড্রাফট / পে-অর্ডার সম্পূর্ণ সীমানা প্রাচীর ও মূল ফটক অপসারণ না হওয়া পর্যন্ত পারফরমেন্সসিকিউরিটি হিসাবে কতৃপক্ষের নিকট জমা থাকবে, ভিত্তির ঢালাই অপসারণ ও অপসারিত ভিত্তির গর্ত অবশ্যই সমান করতে হবে অর্থাৎ অপসারিত কার্যক্রম সন্তোষ জনকভাবে সমাপ্তির পর বায়নার ব্যাংক ড্রাফট / পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।
- ২। সর্বোচ্চ ডাককারীকে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৩। কার্যাদেশ প্রদানের পূর্বে কার্যাদেশ মূল্যের উপর ৭.৫% ভ্যাট ও ১০% আয়কর সরকারী কোষাগারে জমা দিতে হবে।
- ৪। কার্যাদেশ প্রদানের ৩০ দিনের মধ্যে সীমানা প্রাচীর ও মূল ফটক ভাংগার বিধি-বিধান অনুসরণ পূর্বক বেজসহ সীমানা প্রাচীর ও মূল ফটক নিজ খরচে অপসারণ এবং অপসারিত বেজ এর গর্ত অবশ্যই ভরাট করে দিতে হবে।
- ৫। নিলাম কার্যক্রম গ্রহন/বাতিল করার ক্ষমতা কতৃপক্ষ সংরক্ষণ করেন।

  
(মোঃ জহীর মেহেদী হাসান)  
উপজেলাপ্রকৌশলী  
ই-মেইল: [ue.narail-s@lged.gov.bd](mailto:ue.narail-s@lged.gov.bd)

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলঃ

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। চেয়ারম্যান, জেলাপরিষদ, নড়াইল।
- ৩। নির্বাহীপ্রকৌশলী, স্থানীয়সরকারপ্রকৌশলঅধিদপ্তর, নড়াইল।
- ৪। চেয়ারম্যান, উপজেলাপরিষদ, নড়াইলসদর, নড়াইল।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল।
- ৬। মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল।
- ৭। উপজেলা -----অফিসার, নড়াইলসদর, নড়াইল।
- ৮। চেয়ারম্যান, -----ইউপি, নড়াইলসদর, নড়াইল।
- ৯। সভাপতি, নড়াইল প্রেসক্লাব, নড়াইল।
- ১০। সম্পাদক, দৈনিক ওসান, উল্লেখিত নোটিসটি স্বল্প পরিসরে (৩ কলাম ৫) আগামী ২৯-০২-২০২৪ইং তারিখের মধ্যে ভিতরের পাতায় একবার প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ১১। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ ও উপজেলা প্রকৌশলী দপ্তর, নড়াইল সদর, নড়াইল।